

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০১.২৫.৩১১৮

তারিখ: ৩০ মার্চ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

**বিষয়: বাঘাবাড়ী ঘাট হতে ভোলা জেলার দৌলতখান এলএসডিতে জারিকৃত সূচির অপরিবাহিত ৬০০ মে.টন সিদ্ধচাল
উন্মুক্তকরণ**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ দপ্তরের ০৮-০১-২০২৫ তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০০১.২৫.২৯৫৫ নং স্মারকে বাঘাবাড়ী ঘাটের মাধ্যমে বরিশাল বিভাগের এলএসডিসমূহে নৌপথে মোট ১৮০০ মে.টন বোরো'২৪ সিদ্ধ চালের চলাচল সূচি জারি করা হয়।

০২। ভারপ্রাপ্ত কর্মকর্তার কার্যালয়, বাঘাবাড়ী এলএসডি, শাহজাদপুর, সিরাজগঞ্জ এর ১২-০২-২০২৫ খ্রি. এর ১০৫ নং স্মারকে পত্রে উল্লেখ করা হয়েছে, "বাঘাবাড়ী এলএসডির অনুকূলে ০৮-০১-২০২৫ খ্রি. তারিখে ২৯৫৫ নং সূচি ও ০৮-০১-২০২৫ খ্রি. তারিখে ২৯৫৯ নং উপসূচি জারির মাধ্যমে ১৮০০ মে.টন বোরো'২৪ চাল পরিবহনের ০৩ জন ঠিকাদার আদেশ প্রদান করা হয়। ইতিমধ্যে ১২০০ মে.টন চাল পরিবহন করেছেন। অবশিষ্ট ০১ জন ঠিকাদার মেসার্স পূর্বাঞ্চল মেরিনার্স এর সাথে বারংবার যোগাযোগ করার পরও বাঘাবাড়ী ঘাটে চাল পরিবহনের জন্য কার্গো স্থাপন করেন নাই। উক্ত সূচির অপরিবাহিত ৬০০ মে.টন বোরো'২৪ চাল পরিবহনের নিমিত্তে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন"।

০৩। ভোলা জেলার দৌলতখান এলএসডিতে খাদ্যবান্ধবসহ বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য বাঘাবাড়ী ঘাটে উল্লিখিত সূচির অপরিবাহিত ৬০০ মে.টন সিদ্ধচাল উন্মুক্ত করা হলো। ভোলা (হিসাব দৌলতখান) এলএসডিতে বিভিন্ন খাতে জরুরি বিলি-বিতরণের স্বার্থে আগে আসলে আগে পরিবহন করবেন ভিত্তিতে কিংবা বাঘাবাড়ী ঘাটে বোঝাইয়ের অপেক্ষায় অবস্থানরত জাহাজের ধারণক্ষমতা বিবেচনা করে উন্মুক্ত সূচির চাল দ্রুত পরিবহনের ব্যবস্থা করবেন। মেজর ক্যারিয়ার, খুলনা/ডিবিসিসি (খু-ব) নৌ ঠিকাদারগণ এই উন্মুক্ত সূচি বাস্তবায়নে অংশগ্রহণ করতে পারবেন। জারিকৃত সূচির পরিবহনের সকল শর্ত ও নির্দেশনাবলি অপরিবর্তিত থাকবে। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাঘাবাড়ী এলএসডি, শাহজাদপুর, সিরাজগঞ্জ প্লেসমেন্টকৃত জাহাজের তথ্য ১৩-০২-২০২৫ খ্রি. মধ্যে এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

০৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১৩-০২-২০২৫
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক

.।

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী/বরিশাল।
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক

- ৪। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাঘাবাড়ী এলএসডি, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
- ৬। খুলনা মেজর কেরিয়ার সমিতি ও খুলনা আঞ্চলিক নৌ-পরিবহণ ঠিকাদার সমিতি (খাদ্য), ৬৯, লোয়ার যশোর রোড (৫ম তলা), খুলনা।

